# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ২৯৩১

পর্ব-১২: ক্রয়-বিক্রয় (ব্যবসা) (كتاب البيوع)

পরিচ্ছেদঃ ১০. প্রথম অনুচ্ছেদ - অংশীদারিত্ব ও ওয়াকালাহ্ (দায়িত্ব প্রদান)

بَابُ الشِّرْكَةِ وَالْوَكَالَةِ

### আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَتِ الْأَنْصَارُ لِلنَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: اقْسِمْ بَيْنَنَا وَبَيْنَ إِخْوَانَنَا النخيل قَالَ: «لَا تكفوننا المؤونة وَنَشْرَكْكُمْ فِي الثَّمَرَةِ» . قَالُوا: سَمِعْنَا وَأَطَعْنَا. رَوَاهُ الْبُخَارِيّ

### বাংলা

২৯৩১-[২] আবূ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, একবার আনসারগণ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বললেন, হে আল্লাহর নবী! আমাদের খেজুর বাগানগুলো আমাদের ও মুহাজির ভাইদের মধ্যে বণ্টন করে দিন। তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেন, না, আমাদের জন্য তোমাদের পক্ষ হতে এটাই যথেষ্ট যে, তোমরাই বাগান তত্ত্বাবধান করবে, আমরা তোমাদেরকে ফল-ফলাদিতে শরীক করবো। তাঁরা বললেন, হে আল্লাহর নবী! আমরা এটা শুনলাম ও মেনে নিলাম। (বুখারী)[1]

### ফুটনোট

[1] সহীহ : বুখারী ২৩২৫।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: মুহাজির সাহাবীগণ আনসারদের সম্পদের নির্দিষ্ট অংশের মালিক হয়েছিলেন, আকাবার রাত্রিতে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর শর্তের ভিত্তিতে। যেটা তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) আকাবার রাত্রিতে আনসারদের ওপর শর্তারোপ করেছিলেন। (ফাতহুল বারী ৫ম খন্ড, হাঃ ২৩২৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=68258

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন